

**ইউনিট-বি**  
**বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ**  
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**

মেমো নং-৯৯৬/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০২৫-২৬/৩৪

তারিখ : ১৭/০৪/২০২৬

**নোটিশ**

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে বাণিজ্য ও অ-বাণিজ্য গ্রুপের পরীক্ষার্থীদের চতুর্থ মেধা তালিকার ভর্তি কার্যক্রম শেষে আসন শূন্য থাকায় অপেক্ষামান তালিকা থেকে মেধাক্রম অনুসারে বিভাগের শূন্য আসনের বিপরীতে ভর্তির জন্য পঞ্চম মেধা তালিকা, পঞ্চম অপেক্ষামান তালিকা, চতুর্থ মাইগ্রেশন (বাণিজ্য বিভাগ) তালিকা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার প্রথম মেধা তালিকা প্রকাশ করা হলো।

পঞ্চম মেধা তালিকা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার তালিকায় নির্বাচিতদের সাক্ষাৎকার ১৯ ও ২০ এপ্রিল, ২০২৬ সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০ টা পর্যন্ত পরিচালক, আইবিএ ভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গ্রহণ করা হবে। উক্ত সাক্ষাৎকারের সিডিউল বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে পাওয়া যাবে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীরা ঐ দিনই অর্থাৎ ১৯/০৪/২০২৬ তারিখ ভর্তি কার্যক্রম শুরু করতে পরবে এবং ২০/০৪/২০২৬ তারিখের মধ্যে অবশ্যই ভর্তির সকল কার্যক্রম শেষ করতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তির আর কোনো সুযোগ থাকবে না। আসন ফাঁকা থাকা সাপেক্ষে মেধাক্রম অনুসারে পরবর্তী তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (<http://admission.ru.ac.bd>) প্রকাশ করা হবে।

সাক্ষাৎকারে অংশগ্রহণ করার পর নির্বাচিত ছাত্র/ছাত্রীদের অনলাইনে (<http://admission.ru.ac.bd>) ভর্তি ফরম পূরণ করতে হবে এবং ৩ (তিন) কপি প্রিন্ট করে অফিস চলাকালীন সময়ে বিজনেস স্টাডিজ অনুষদ অফিসে (ডীনস্ কমপ্লেক্স, তৃতীয় তলা, রুম নং ৩১৪) এসে ভর্তির পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তিচ্ছু প্রার্থীদের প্রাপ্ত বিভাগ পাওয়ার পরও পছন্দক্রম অনুসারে উপরের বিভাগ পাওয়ার জন্য Automigration-এর সুযোগ রয়েছে। কোনো ভর্তিচ্ছু প্রার্থী যদি ভর্তিকৃত বিভাগেই থাকতে চান বা Automigration এর সুযোগ নিতে না চান, তাহলে তাকে অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে ২০/০৪/২০২৬ তারিখ বিকাল ৪:০০ (চার) টার মধ্যে Stop automigration -এ ক্লিক করে অটো-মাইগ্রেশন বন্ধ করতে হবে।

ক্লাশ শুরুর তারিখঃ ১০/০৫/২০২৬।

নির্বাচিত ছাত্র/ছাত্রীদেরকে নিম্নে উল্লিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ

- ভর্তির জন্য নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীকে অনলাইনে (<http://admission.ru.ac.bd>) সার্ভিস চার্জ বাদে ৫,২২০ (পাঁচ হাজার দুইশত কুড়ি) টাকা জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফরম পূরণ করতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী (<http://admission.ru.ac.bd> এর মধ্যে online admission guideline) এ পাওয়া যাবে।
- ভর্তির সময় (অফিস চলাকালীন সময়ে) নিম্নের ডকুমেন্টসমূহ A4 সাইজ খামে (খামের উপর ভর্তিচ্ছুর নাম, পিতার নাম, রোল নং, মেধাক্রম, মোবাইল নং এবং জমাকৃত ডকুমেন্ট সমূহের তালিকা লিখে) অনুষদ অফিসে জমা দিতে হবে।
  - পরীক্ষার্থীর ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র।
  - এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কসশীট
  - এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
  - Online এ পূরণকৃত ভর্তি ফরম (৩ কপি) এর প্রিন্ট কপি।

উল্লেখ্য যে, জমাকৃত কাগজপত্র এক বছর সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা রাখা হবে। সে কারণে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের মূল কাগজপত্রের একাধিক কপি ফটোকপি করে নিজের কাছে রাখার জন্য বলা হচ্ছে।

**শর্তাবলীঃ**

- ছাত্র/ছাত্রীদের প্রদত্ত তথ্যাবলীতে কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।
- প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা যথাযথ (ইউনিট-বি) কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



১৭/০৪/২০২৬

(প্রফেসর ড. মো. শরিফুল ইসলাম)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট-বি

বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০২৫-২৬

ও

পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, রাঃ বিঃ।